

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2019

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো

ওয়াশিংটন হাইটসে হুয়ান পাবলো ডুয়ার্টে ফাউন্ডেশন কমিউনিটি স্পেসের (JUAN PABLO DUARTE FOUNDATION COMMUNITY SPACE) মহান উদ্বোধনের ঘোষণা করেছেন গভর্নর কুওমো

সেন্টার কমিউনিটি চালু করে নিউ ইয়র্কে ডোমিনিকান সম্প্রদায়ের ঐতিহ্য ও সংস্কৃতিকে সম্মান জানানোয় গভর্নরের দীর্ঘকালস্বায়ী প্রতিশ্রুতি রক্ষা করে

গভর্নর অ্যাল্ডু এম. কুওমো আজ জর্জ ওয়াশিংটন ব্রিজ বাস স্টেশনের মধ্যে (George Washington Bridge Bus Station) অবস্থিত ওয়াশিংটন হাইটসের হুয়ান পাবলো ডুয়ার্টে ফাউন্ডেশন কমিউনিটি স্পেসের মহা উদ্বোধনের ঘোষণা দেন। নতুন ডোমিনিকান কমিউনিটির সাংস্কৃতিক ও শিক্ষামূলক কেন্দ্রসমূহের উদ্বোধনকালে কমিউনিটির জন্য প্রাক- ডোমিনিকান ডে প্যারেড ব্রেকফাস্ট এবং আনুষ্ঠানিক রিবন কাটিং এর মাধ্যমে উদযাপন করা হয়।

"ডোমিনিকান কমিউনিটি আমাদের সাংস্কৃতিক বুননের একটি অবিচ্ছেদ্য অংশ এবং এই কমিউনিটি স্পেস পার্শ্ববর্তীদের জন্য গুরুত্বপূর্ণ সেবা প্রদানের সময় নিউ ইয়র্কে ডোমিনিকান উপাখ্যান বৃদ্ধি করবে", **গভর্নর কুওমো বলেন।** "সেন্টার'স মিশন হলো কমিউনিটি এবং প্রতীকী সম্পর্কিত সংস্থা, যা নিউইয়র্কের অধিবাসী হিসেবে কিভাবে আমরা আমাদের স্টেট জুড়ে আমাদের বৈচিত্র্য উদযাপন করে থাকি তা তুলে ধরে।"

"ওয়াশিংটন হাইটসের এই নতুন কমিউনিটি সেন্টার ডোমিনিকান শিল্প, ইতিহাস এবং অধিবাসীদের জন্য সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে কাজ করবে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল এটি বলেছেন, যিনি আজকের অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন।** "নিউ ইয়র্কে আমরা আমাদের সমৃদ্ধ সংস্কৃতি ও বৈচিত্র্য উদযাপন করি যা আমাদেরকে এম্পায়ার স্টেট হিসেবে তৈরি করেছে। ফেডারেল সরকার যখন অধিবাসীদের অধিকারের উপর আঘাতে অব্যাহত তখন আমরা আমাদের স্টেটের অধিবাসী শিশু ও পরিবারসমূহের জন্য সমান সুযোগ ও সম্পদ নিশ্চিত করায় অঙ্গীকারবদ্ধ।"

গত আগস্টে, গভর্নর কুওমো ঘোষণা দেন যে, ওয়াশিংটন হাইটসে কমিউনিটি সেন্টার সম্প্রতি রূপান্তরিত জর্জ ওয়াশিংটন ব্রিজ বাস স্টেশনে অবস্থিত হবে এবং নিউইয়র্ক স্টেটের ডোমিনিকান কমিউনিটির ঐতিহ্য ও অবদানকে সম্মান জানানো হবে। কমিউনিটি স্পেস কর্মশালা এবং শিক্ষামূলক কর্মসূচির আয়োজন করবে এবং এটি একটি সভাস্থল হিসেবে কাজ করবে যেখানে সংগঠনগুলো

মিলিত হতে পারে, কাজ করতে পারবে এবং ডোমিনিকান প্রজাতন্ত্রের শিল্প, সংস্কৃতি এবং ইতিহাস প্রচার করতে পারবে।

কমিউনিটি স্পেস সম্পন্ন করতে বন্দর কর্তৃপক্ষের অবদান ৪০০,০০০ মার্কিন ডলার এবং নিউ ইয়র্ক স্টেটের অবদান ১,৪০০,০০০ মার্কিন ডলার। কমিউনিটি লিডার লরা অ্যাকোস্টার নেতৃত্বে এই ফাউন্ডেশন কমিউনিটি ও অন্যান্য অলাভজনক সংস্থার পক্ষ থেকে জায়গাটি পরিচালনা করবে।

প্রতিনিধি আড্রিয়ানো এসপিলিয়ট বলেন, "এই কমিউনিটি স্পেস এমন স্থাপনা যেখানে আমরা আমাদের ঐতিহ্য এবং সংস্কৃতি ভাগ করার সুযোগ পাবো। এটা কোন কাকতালীয় ঘটনা নয় যে, জর্জ ওয়াশিংটন ব্রিজ এবং বাস স্টেশনের মধ্যে অবস্থিত কমিউনিটি স্পেস একটি পরিবহন কেন্দ্র যা এত অভিবাসীদের সেবা করেছে। গভর্নর কুওমো, নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটি (Port Authority) এবং জর্জ ওয়াশিংটন ব্রিজ ডেভেলপমেন্ট ভেঞ্চার LLC (George Washington Bridge Development Venture LLC) -কে ডোমিনিকান কমিউনিটিকে সহায়তার জন্য ধন্যবাদ।"

জুয়ান পাবলো ডুয়ার্টে ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক ও সহ-প্রতিষ্ঠাতা লরা অ্যাকোস্টা বলেন, "আমি কৃতজ্ঞ এবং সম্মানিত যে এই ফাউন্ডেশন এক অসাধারণ জনগোষ্ঠীর জায়গা পরিচালনা করবে যা এমন এক কমিউনিটিকে সমর্থন করবে যারা বছরের পর বছর ধরে সংগ্রাম করে যাচ্ছে শিক্ষা ও সাংস্কৃতিক কর্মসূচি গড়ে তোলায় নিজেদের জায়গার জন্য। গভর্নর অ্যান্ড্রু কুওমো এবং কংগ্রেসম্যান আড্রিয়ানো এস্পাইলট-কে ধন্যবাদ ১১ আগস্টে, একটি সুন্দর পরিকল্পিত কমিউনিটি স্পেস উদ্বোধন করার জন্য আমরা একটি প্রাক-ডোমিনিকান ডে প্যারেড ব্রেকফাস্ট এবং রিবন কাটিং উপভোগ করি যা আমাদের কমিউনিটির চাহিদা পূরণ করবে। নিউ ইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটি এবং জর্জ ওয়াশিংটন ব্রিজ ডেভেলপমেন্ট ভেঞ্চার LLC তাদের অক্লান্ত পরিশ্রম এবং নির্ণায়ক জন্য ধন্যবাদ যা এই কমিউনিটির জন্য একটি নির্দিষ্ট স্থান বাস্তবে পরিণত করে।"

বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "গত বছর গভর্নর কুওমো জর্জ ওয়াশিংটন ব্রিজ বাস স্টেশনে একটি কমিউনিটি সেন্টার নির্মাণে অসীকারাবদ্ধ ছিলেন। আমরা গর্বিত যে, জুয়ান পাবলো ডুয়ার্টে ফাউন্ডেশন কমিউনিটি স্পেস ওয়াশিংটন হাইটস কমিউনিটির জন্য ডোমিনিকান ডে প্যারেড উদযাপনের সাথে মিলে যেতে পারে। আমরা জুয়ান পাবলো ডুয়ার্টে ফাউন্ডেশনের সাথে সানন্দে কাজ করতে থাকবো, যাতে আমরা ওয়াশিংটন হাইটসে আমাদের প্রতিবেশীদের জন্য কমিউনিটি স্পেসকে একটি অনুদাদশীল উৎস হিসেবে গড়ে তুলতে পারি।"

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)